



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প

ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।



ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং-৩১.০০.০০০০.০৯১.১১.০০১.২০-৬৮৯

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং” প্রকল্পের অধীনে স্থানীয় ব্যক্তিভিত্তিক পরামর্শক (Individual Local Consultant) হিসাবে নিম্নবর্ণিত পদে প্রকল্প মেয়াদকালীন চুক্তিভিত্তিক নিয়োগের জন্য পার্শ্বে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এ প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে বর্ণিত হারে মাসিক সম্মানী প্রাপ্ত হবেন।


| ক্র: নং | স্থানীয় পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা |
|---------|--|--------|---|
| ১ | জিআইএস এ্যান্ড রিমোট সেন্সিং স্পেশালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিআইএস/ ভূগোল/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস/রিমোট সেন্সিং এবং ভূমি ব্যবহার মানচিত্র প্রণয়নের ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। ArcGIS, Erdas Imagine, ওরাকল, এসকিউএল সার্ভার, পিএইচপি প্রোগ্রামিং এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার সম্পর্কে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকতে হবে। জিআইএস এবং রিমোট সেন্সিং স্পেশালিস্ট হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। নগর ও অঞ্চল পরিকল্পনা এবং একই ধরনের প্রকল্পে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২ | জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিস্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিআইএস/ভূগোল/পুর কৌশলে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস ও রিমোট সেন্সিং, ভূমি ব্যবহার ও জোনিং মানচিত্র প্রণয়ন, ArcGIS এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিস্ট হিসেবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং সমজাতীয় প্রকল্পের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। |

আবেদনপত্র প্রেরণের শর্তাবলী :

- ভূমি মন্ত্রণালয় এর ওয়েব সাইট (www.minland.gov.bd) হতে আবেদনপত্র ও জীবন-বৃত্তান্ত সংক্রান্ত নির্ধারিত ছক ডাউনলোড করে তা পূরণপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। অন্যান্য তথ্যাদি এই ওয়েব সাইটে পাওয়া যাবে।
- আগামী ২০ মার্চ ২০২২ তারিখের মধ্যে সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে সম্বোধন করে আবেদনটি প্রকল্প পরিচালক, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ১৩ তলা, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮ এর কার্যালয়ে ডাক যোগে পৌঁছাতে হবে।
- আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬৭ (সাতষড়ি) বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে।
- আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে এবং এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬

৯. খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে এবং ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।
১০. যে কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১১. পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. কেবল মাত্র Short listed প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।



02.06.2022

(মোঃ কফিল উদ্দিন)

প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)

মৌজা ও পুঁট ভিত্তিক জাতীয় ডিজিটাল

ভূমি জোনিং প্রকল্প

ভূমি মন্ত্রণালয়।

ফোনঃ ০২ ৮১৭০৩০৫